# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩১৫]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৬৭: সর্বনিম্ন পর্যায়ের সংক্ষিপ্তকরণ যা দ্বারা সালাত শুদ্ধ হয়ে যায়

باب أقل ما يجزي من عمل الصلاة

---

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ، قَالَ: حَدَّثَنِي عَلِيُّ بْنُ يَحْيَى بْنِ خَلَّادِ بْنِ رَافِعِ بْنِ مَالِكٍ الْأَنْصَارِيُّ، قَالَ: حَدَّثَنِي أَبِي، عَنْ عَمٍّ لَهُ بَدْرِيٍّ، قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا فِي الْمَسْجِدِ، فَدَخَلَ رَجُلٌ فَصَلَّى رَكْعَتَيْنِ، ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْمُقُهُ فِي صَلَاتِهِ فَرَدَّ عَلَيْهِ السَّلَامَ، ثُمَّ قَالَ لَهُ: ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ فَرَجَعَ فَصَلَّى، ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَدَّ عَلَيْهِ السَّلَامَ، ثُمَّ قَالَ: ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ حَتَّى كَانَ عِنْدَ الثَّالِثَةِ أَوِ الرَّابِعَةِ فَقَالَ: وَالَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ، لَقَدْ جَهِدْتُ وَحَرَصْتُ فَأَرِنِي وَعَلِّمْنِي قَالَ: إِذَا أَرَدْتَ أَنْ تُصَلِّيَ فَتَوَضَّأْ فَأَحْسِنْ وُضُوءَكَ، ثُمَّ اسْتَقْبِلِ الْقِبْلَةَ فَكَبِّرْ، ثُمَّ اقْرَأْ، ثُمَّ ارْكَعْ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْتَدِلَ قَائِمًا، ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ قَاعِدًا، ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا، ثُمَّ ارْفَعْ فَإِذَا أَتْمَمْتَ صَلَاتَكَ عَلَى هَذَا فَقَدْ تَمَّتْ وَمَا انْتَقَصْتَ مِنْ هَذَا، فَإِنَّمَا تَنْتَقِصُهُ مِنْ صَلَاتِكَ .

تخريج دارالدعوه: أنظر حديث رقم: ٦٦٨ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1315 - صحيح

বাংলা

১৩১৪. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... ইয়াহইয়া ইবনু খল্লাদ-এর চাচা (রিফা'আ ইবনু রাফি যিনি বদরী সাহাবী ছিলেন) (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একদা রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে মসজিদে বসা ছিলাম। তখন এক ব্যক্তি এসে দু' রাকআত সালাত আদায় করল। তারপর এসে নবী (সা.) -কে সালাম করল। নবী (সা.) তাঁর সালাতের প্রতি লক্ষ্য করছিলেন। তিনি তার সালামের জবাব দিয়ে তাকে বললেন, তুমি ফিরে গিয়ে পুনরায় সালাত আদায় কর, যেহেতু তুমি সালাত আদায় করনি। অতঃপর সে ফিরে গিয়ে সালাত আদায় করল। পরে এসে নবী (সা.) -কে সালাম করল, তিনি সালামের জবাব দিয়ে বললেন, তুমি ফিরে গিয়ে সালাত আদায় কর। কারণ তুমি সালাত আদায় করনি। এমনিভাবে তৃতীয় অথবা চতুর্থ বারে সে বলল, সে আল্লাহর কসম, যিনি আপনার ওপর কিতাব (কুরআন) নাযিল করেছেন, আমি তো খুব চেষ্টা করে দেখলাম এবং আমি সালাত আদায় করতে চাইও। আপনি আমাকে দেখিয়ে দিন ও শিখিয়ে দিন। তখন তিনি বললেন, তুমি যখন সালাত আদায় করতে ইচ্ছা কর তখন উত্তমরূপে উযূ করবে, এরপর কিবলার দিকে মুখ করে তাকবীর বলবে, তারপর কুরআন পড়ে (তাকবীর বলে) রুকূতে যাবে। রুকূ'তে স্থির হবে। তারপর মাথা তুলে সোজা হয়ে দাড়িয়ে যাবে। তারপর সিজদায় গিয়ে স্থিরভাবে সিজদা করবে, অতঃপর সিজদা হতে মাথা উঠিয়ে স্থিরভাবে বসবে। পুনরায় সিজদায় গিয়ে স্থিরভাবে সিজদা করবে। তারপর মাথা উঠাবে। যদি তুমি এ নিয়মে তোমার সালাত শেষ কর, তবে তোমার সালাত পূর্ণ হবে। আর যদি এ নিয়মে কোন ত্রুটি হয়। তবে তোমার সালাতও ততটুকু ত্রুটিযুক্ত হবে।

## English

67. The Minimum That Is Required For The Prayer To Be Valid

Ali bin Yahya bin Khallad bin Raf' bin Malik Al-Ansari said: My father narrated to me that a paternal uncle of his, who had been at Badr, said: 'I was sitting with the Messenger of Allah (ﷺ) in the masjid when a man came in and prayed two rak'ahs, then he came and greeted the Prophet (ﷺ) with salam. The Prophet (ﷺ) had been watching him as he prayed, so he returned his salam, then he said: Go back and pray, for you have not prayed. So he went back and prayed, then he came back and greeted the Prophet (ﷺ) with salam. He returned the salam, then he said: Go back and pray, for you have not prayed. The third or fourth time this happened, then the man said: By the One Who revealed the Book to you, I have done my best and have tried hard; show me and teach me. He said: 'When you want to pray, perform wudu and do it well, then turn to face the Qiblah and say the takbir. Then recite the Quran, then bow until you are at ease in bowing. Then stand up until you are standing straight, then prostrate until you are at ease prostrating, then sit up until you are at ease sitting, then prostrate until you are at ease prostrating, then get up. If you complete the prayer in this manner you wil hve done it properly, and whatever you do less than this is lacking from you prayer.'

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৮৫৮, তিরমিযী ৩০২, ইবনু মাজাহ ৪৬০, দারিমী ১৩২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ রিফা‘আহ ইবনু রাফি’ যুরাকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন